অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/29/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এপ্রিল মাসের প্রচণ্ড ঠাণ্ডার কারণে ফসলের উল্লেখযোগ্য ক্ষতির সম্মুখীন হওয়া কৃষকদের জন্য দুর্যোগ ঘোষণার অনুরোধ করলেন

বরফশীতল আবহাওয়ার কারণে ফলের কুঁড়ি ক্ষতিগ্রস্ত হওয়ায় আপেল, স্টোন ফ্রুট এবং আঙুরের ফলন ক্ষতিগ্রস্ত হয়েছে; এখন পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী কৃষকদের আনুমানিক 30 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্ষতি হবে

এই ডেজিগনেশনটি যোগ্য উৎপাদনকারীদেরকে কম সুদের জরুরি ঋণ এবং দুর্যোগ সহায়তার জন্য আবেদন করতে দিবে

গভর্নর স্থানীয় কৃষকদের সমর্থন করার জন্য ভোক্তাদের উৎসাহিত করছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে হাডসন ভ্যালি (Hudson Valley), ক্যাপিটাল রিজিয়ন (Capital Region), সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York), সাউদার্ন টিয়ার (Southern Tier) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) অঞ্চলের কাউন্টিগুলির জন্য নিউ ইয়র্ক স্টেট (New York State) ইউনাইটেড স্টেটসের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচারের (United States Department of Agriculture, USDA) কাছে একটি সেক্রেটারিয়াল দুর্যোগ ঘোষণার (Secretarial Disaster Designation) জন্য অনুরোধ করেছে। স্বাভাবিকের তুলনায় উষ্ণ তাপমাত্রার কারণে আগে আগে ফুল ফোটার পর, 2026 সালের এপ্রিলের প্রচণ্ড ঠাণ্ডা পরিস্থিতির কারণে আপেল, স্টোন ফ্রুট, আঙুর এবং স্ট্রবেরি সহ অনেক ফলের উৎপাদন গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন পর্যন্ত, এইসব অঞ্চলের উৎপাদনকারীদের দেওয়া তথ্য অনুযায়ী তাদের আনুমানিক ক্ষতির পরিমাণ 30 মিলিয়ন মার্কিন ডলারের বেশি। দুর্যোগ ঘোষণা করা হলে ক্ষতিগ্রস্ত কৃষকেরা USDA-এর কম সুদের জরুরি ঋণের জন্য আবেদন করতে পারবেন। 20 মে তারিখে এই অনুরোধটি USDA-এর কাছে পাঠানো হয়।

"নিউ ইয়র্কের কৃষকেরা থেকে ভালো আরো কেউ নেই, এবং তাদের অনেকেই মারাত্মক ক্ষতির মুখোমুখি হয়েছেন, কেউ কেউ তাদের ফসলের 100 শতাংশ পর্যন্ত ক্ষতি এবং কয়েক মিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক ক্ষতির কথা জানিয়েছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই দুর্ভোগ তাপমাত্রার হঠাৎ বাড়া এবং কমার এমন একটি ধারায় হচ্ছে যার সাথে আমরা দিনে দিনে আরো বেশি পরিচিত হয়ে উঠছি, এটি আমাদের বদলে যেতে থাকা জলবায়ুর লক্ষণ। এইবার আমাদের ফলের কৃষকেরা প্রচণ্ড ঠাণ্ডা পরিস্থিতির সব থেকে বড় আঘাতের শিকার হয়েছেন যা ইতিমধ্যে ফোটা ফুলের কুঁড়ি ও নতুন শাখাকে ক্ষতিগ্রস্ত করেছে। ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলির জন্য

দুর্যোগ ঘোষণা করা এবং আমাদের কৃষকদেরকে পুনরুদ্ধার ও অগ্রসর হওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে সাহায্য করার জন্য আমি USDA-কে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য তাগিদ দিচ্ছি। আমি এছাড়াও নিউ ইয়র্কবাসীদেরকে তাদের স্থানীয় কৃষকদের সমর্থন করে যেতে উৎসাহিত করছি, যা খামার থেকে তাজা স্থানীয় পণ্য কেনার মাধ্যমে অথবা নিউ ইয়র্কের ফল দিয়ে তৈরি পণ্য কেনার মাধ্যমে হতে পারে।"

নিউ ইয়র্ক বিশেষায়িত কৃষিপণ্যের জন্য একটি বড় স্টেট। আপেল, আঙুর এবং স্টোন ফ্রুট শিল্প নিউ ইয়র্কের কৃষি অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ ও বড় অংশ। উদাহরণস্বরূপ, নিউ ইয়র্ক আপেল উৎপাদনে দেশের মধ্যে দ্বিতীয় এবং আঙুর উৎপাদনে তৃতীয় স্থানে রয়েছে। শুধু আপেল শিল্পই 574 মিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করে। এইসব ফসল এছাড়াও পাইকারি বাজারের এবং খুচরা বিক্রি এবং সরাসরি নিজেদের ফল তুলতে হয় এমন বিক্রির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

23 ডিগ্রির নিচে নেমে যাওয়া জমে যাওয়ার মতো তাপমাত্রা ফলের ফসলের প্রধান এবং গৌণ ফলধারী কুড়ি এবং নতুন শাখার উল্লেখযোগ্য ক্ষতি করেছে, যার মধ্যে পুরো অঞ্চলের, বিশেষ করে উঁচু এলাকার আপেল, আঙুর, পীচ, প্লাম, চেরির মতো স্টোন ফ্রুট, নাশপাতি ও স্ট্রবেরি আছে, এর কারণ স্বাভাবিকের তুলনায় উষ্ণ আবহাওয়ার কারণে অনেক ফসলে এবার সময়ের আগে কুড়ি এসেছিলো। এছাড়াও পেঁয়াজের মতো আগাম সবজির ফসলও ক্ষতির সম্মুখীন হয়েছে।

ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলির মধ্যে আছে অ্যালবানি (Albany), কলাম্বিয়া (Columbia), ডাচেস (Dutchess), ইরি (Erie), গ্রিন (Greene), নায়াগ্রা (Niagara), শ্যাটোকোয়া (Chautauqua), ওনোন্ডাগা (Onondaga), অরেঞ্জ (Orange), পুটন্যাম (Putnam), স্কুাইলার (Schuyler), সালিভ্যান (Sullivan), আলস্টার (Ulster), ওয়েস্টচেস্টার (Westchester) এবং ইয়েটস (Yates)। আশেপাশের কাউন্টিগুলির মধ্যে আছে ক্যাইযুগা (Cayuga), শেমাং (Chemung), কর্টল্যান্ড (Cortland), ডেলাওয়্যার (Delaware), ইরি, ম্যাডিসন (Madison), মনরো (Monroe), অন্টারিও (Ontario), অরলিন্স (Orleans), অসওয়েগো (Oswego), রেনসেলার (Rensselaer), রকল্যান্ড (Rockland), সারাটোগা (Saratoga), স্কেনেকট্যাডি (Schenectady), স্কোহারি (Schoharie), সেনেকা (Seneca), স্টুউবেন (Steuben), টম্পকিন্স (Tompkins) এবং ওয়েইন (Wayne)।

ক্ষতির মাত্রা একেক কাউন্টিতে একেক রকম এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের (Department of Agriculture and Markets) পরিচালিত একটি জরিপ অনুযায়ী অনুমান করা যাচ্ছে যে অনেক কৃষক 15 শতাংশ থেকে 100 শতাংশ পর্যন্ত ক্ষতির সম্মুখীন হয়েছেন, এবং এখন পর্যন্ত আনুমানিক অর্থনৈতিক ক্ষতির পরিমাণ 30 মিলিয়ন মার্কিন ডলারের বেশি।

উৎপাদনকারীরা যে ক্ষতির মুখোমুখি হয়েছেন তা সরাসরি দেখতে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের কমিশনার Richard A. Ball ((রিচার্ড এ বল) 7 মে, 2026 তারিখে একাধিক পার্টনার কৃষি সংগঠনের প্রতিনিধিদের সাথে নিয়ে হাডসন ভ্যালি অঞ্চলের বেশ কয়েকজন ক্ষতিগ্রস্ত কৃষকের খামার পরিদর্শন করেন।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "মাত্র কয়েক সপ্তাহ আগে, গুরুতর জমে যাওয়ার মতো তাপমাত্রা এবং বরফের পরিস্থিতির কারণে আমাদের মৎস ও জলজ সম্পদের কৃষি কার্যক্রমে বহু মিলিয়ন মার্কিন ডলার ক্ষতি হওয়ার পর আমাদের গভর্নর সাফোক (Suffolk) কাউন্টির জন্য একটি দুর্যোগ ঘোষণা দিতে USDA-কে তাগিদ দিয়েছেন। প্রয়োজনের সময়ে আমাদের ফল ও সবজি কৃষকদের সমর্থন করার জন্য আজকে আমি গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের অনেক কৃষক তাদের ফসলে নজিরবিহীন ক্ষতি হতে দেখেছেন এবং এই বছর তাদের ব্যাপক ক্ষতি হবে। দুর্যোগ ঘোষণা অতি গুরুত্বপূর্ণ ঋণ তহবিলের সুযোগ তৈরি করতে পারে, যা ফসল বীমার সাথে মিলিত হয়ে পুনরুদ্ধারের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে।"

একটি USDA ডিজাস্টার ডেজিগনেশন পাওয়া গেলে তা মূল কাউন্টি এবং আশেপাশের কাউন্টিগুলির ফার্ম অপারেটররা যদি যোগ্যতার আবশ্যিকতা পূরণ করেন তাহলে তাদেরকে ফার্ম সার্ভিস এজেন্সির (Farm Service Agency) জরুরি ঋণ পাওয়ার জন্য বিবেচনায় আসার যোগ্য করে। ত্রাণ প্রোগ্রামে আবেদন করার জন্য যোগ্য কাউন্টির ফার্মারদের কাছে ডিজাস্টার ডিক্লারেশনের তারিখ থেকে আট মাস সময় থাকে।

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "কৃষকেরা নিউ ইয়র্কের অর্থনীতির মেরুদণ্ড, কিন্তু জলবায়ু পরিবর্তনের প্রভাব বাড়ার সাথে সাথে চরম আবহাওয়ার ঘটনা আরো ঘন ঘন ঘটছে এবং তা পুরো স্টেটের কৃষকদের উপর মারাত্মক প্রভাব ফেলছে। এই প্রচণ্ড ঠাণ্ডার ঘটনাগুলি নিউ ইয়র্কের বিশেষায়িত ফসল ও ফল উৎপাদন খাতের জন্য বিধ্বংসী, এবং একটি সেক্রেটারিয়াল দুর্যোগ ঘোষণা নিশ্চিত করতে সাহায্য করবে যাতে ক্ষতিগ্রস্ত কৃষকদের কাছে পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সংস্থান থাকে। পুরো নিউ ইয়র্কের কৃষকদের ত্রাণ দিতে নিউ ইয়র্কের অনুরোধকে দ্রুত বিবেচনা করা ও অনুমোদন দেওয়ার জন্য আমি USDA-এর সেক্রেটারি Rollins-কে (রলিন্স) তাগিদ দিচ্ছি।"

রিপ্রেজেন্টেটিভ John W. Mannion (জন ডব্লিউ ম্যানিয়ন) বলেন, "মৌসুমের শেষ দিকে আসা শীত এবং প্রচণ্ড ঠাণ্ডা এই বছর NY-22-এর ফলের কৃষকদের উপর গুরুতর প্রভাব ফেলতে পারে, এবং ডিস্ট্রিক্টটির বেশিরভাগ অংশ এই দুর্যোগ ঘোষণার অনুরোধের আওতায় পড়বে। হাউজের এগ্রিকালচার কমিটির (House Agriculture Committee) একজন সদস্য হিসেবে আমি ক্ষতিগ্রস্ত কৃষকদেরকে জরুরি USDA সহায়তা, কম সুদের ঋণ এবং বাড়তি ত্রাণ প্রোগ্রামের অ্যাক্সেস দেওয়াকে দৃঢ়ভাবে সমর্থন করছি যাতে তারা ফসলের ক্ষতি থেকে বের হয়ে আসতে পারেন এবং তাদের কার্যক্রম চালিয়ে যেতে পারেন। মৌসুমের এই কঠিন শুরুর পর আমাদের আপেল, আঙুর, স্টোন ফ্রুট, সবজি এবং বিশেষায়িত ফসল উৎপাদনকারীদের সমর্থন করতে আমি গভর্নর Hochul (হোকল) এবং ফেডারেল ও স্থানীয় পার্টনারদের সাথে কাজ চালিয়ে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ Pat Ryan (প্যাট রায়ান) বলেন, "হাডসন ভ্যালির কৃষকেরা আমাদের কমিউনিটির জন্য খাবার সরবরাহ করেন, এবং এই বছরের প্রতিকূল আবহাওয়া তাদের ফসলকে নষ্ট করে দিয়েছে। তাদের জন্য USDA-এর পদক্ষেপ প্রয়োজন এবং এটি তাদের প্রাপ্য। একটি আনুষ্ঠানিক দুর্যোগ ঘোষণা পাওয়া গেলে তা কয়েক মিলিয়ন মার্কিন ডলারের জরুরি অনুদান ও সংস্থান পাওয়া সম্ভব করবে যা কৃষকদেরকে আনুমানিক 30 মিলিয়ন মার্কিন ডলারের ক্ষতি

থেকে বের হয়ে আসা শুরু করতে সাহায্য করবে। হাডসন ভ্যালির খামারগুলিকে রক্ষা করতে USDA-কে এখনই পদক্ষেপ নিতে হবে, তারা যতদিন না তাদের প্রাপ্য সমর্থন পাবেন, ততদিন আমরা লড়াই থামাবো না।"

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "এপ্রিলের শেষের দিকের প্রচণ্ড ঠাণ্ডা নিউ ইয়র্কের একাধিক অঞ্চলের ফলের কৃষকদের ফসলে বিধ্বংসী ক্ষতির কারণ হয়েছে, এবং এই ব্যবসাগুলিকে টিকিয়ে রাখতে ও পুনরুদ্ধারে সাহায্য করার জন্য আমাদেরকে স্টেট ও ফেডারেল উভয় পর্যায়েই সম্ভাব্য সবকিছু করতে হবে। আমাদের সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত অঞ্চল, যেখানে কিছু কৃষক তাদের ফসলের 90 শতাংশ পর্যন্ত হারিয়েছেন, সেই অঞ্চলগুলির জন্য একটি দুর্যোগ ঘোষণা করার জন্য আমরা USDA-কে তাগিদ দিচ্ছি। পরবর্তী মৌসুম পর্যন্ত নিজেদের কার্যক্রম টিকিয়ে রাখতে এবং তাদের ব্যবসা খোলা রাখতে নিউ ইয়র্কের খামারগুলির এই ফেডারেল জরুরি সহায়তা প্রয়োজন।"

অ্যাসেম্বলির সদস্য Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন, "চরম আবহাওয়ার প্রভাব নিউ ইয়র্কের কৃষকদের কাছে খুবই পরিচিত একটি বিষয়। দুর্ভাগ্যবশত, এপ্রিলের শেষের প্রচণ্ড ঠাণ্ডা অনেক কাউন্টিতে ফলধারী কুঁড়ির বিকাশকে উল্লেখযোগ্যভাবে বাধাগ্রস্ত করেছে, যা সেখানকার ফলের খামারের ব্যবসার জন্য বড় ধরনের আঘাত। খামারগুলি যখন ইতিমধ্যেই কঠিন হয়ে উঠা অর্থনৈতিক পরিস্থিতির মোকাবেলা করার চেষ্টা করছে, তখন এই দুর্যোগ ঘোষণা তাদেরকে অতি প্রয়োজনীয় সংস্থান পাওয়ার সুযোগ দিয়ে সাহায্য করবে।"

New York Apple Association (NYAA)-এর ভাইস চেয়ারপার্সন Kristen DeMarree (ক্রিস্টেন ডেম্যারি) বলেন, "New York Apple Association দুর্যোগ ঘোষণার জন্য গভর্নর Hochul-এর (হোকল) অনুরোধকে সমর্থন করছে। কমিশনার Ball (বল) দেখে গেছেন যে ক্ষতির মাত্রা একেক স্থানে একেক রকম এবং কিছু ক্ষেত্রে ক্ষতির মাত্রা নির্ধারণ করা এখনো বাকি আছে। যেসব খামার বড় ধরনের ক্ষতির সম্মুখীন হয়েছে, তাদের জন্য এই দুর্যোগ ঘোষণা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে ভোক্তাদের জন্য সুখবর হলো, নিউ ইয়র্কে ফল উৎপাদনের জন্য একাধিক অঞ্চল আছে, তাই তারা এই বছরেও নিউ ইয়র্কের আপেল উপভোগ করতে পারবেন!"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন